সাধুসঙ্গ ও মহৎরূপা

সাধু বা মহতের লক্ষণ। সাধন-প্রভাবে ভগবং-রূপায় স্ক্রিধ মলিনতা দ্বীভূত হওয়ায় য়হাদের চিত্ত শুদ্ধসন্ত্রের আবির্জাব-যোগ্যতা লাভ করিয়াছে এবং য়াহাদের চিত্ত শুদ্ধসন্ত আবির্জ্ হইয়া ভক্তিরূপে পরিণত হইয়াছে, উাহাদিগকেই সাধু বা মহৎ বলা যায়। য়াহাদের চিত্ত এইরূপ অবস্থা লাভ করিয়াছে, বাহিরে তাঁহাদের যে যে লক্ষণ প্রকাশ পায়, তাহা প্রীমন্ভাগবতে উল্লিখিত হইয়াছে। "মহান্তত্তে সমচিত্তাঃ প্রশাস্তা বিমন্তবঃ স্ক্রমণ গাধবো যে॥ যে বা ময়ীশে রুতসৌহ্বদার্থা জনেষু দেহত্তরবার্ত্তিকেয়ু। গৃহেষু জায়ায়্মজারতিমৎক্ষ ন প্রীতিমূক্তা যাবার্গার্থান্দ লোকে॥ শ্রীভা ধাবাং-৩॥" মহদ্-ব্যক্তিগুণ স্কৃত্তি সমদর্শী এবং সরল-চিত্ত (কুটলতা-বর্জ্জিত), প্রশাস্ত এবং ভগবন্নির্চর্দ্ধিযুক্ত, ক্রোধহীন, সকলেরই স্ক্রম; উাহারা সাধু, কথনও পরের দোষ গ্রহণ করেন না; ভগবানে প্রীতিকেই তাহারা পরম-পুক্রমার্থ বলিয়া মনে করেন, ভগবৎ-প্রীতি ব্যতীত অন্ত বস্তুত্বক তাহারা নিতান্ত অকিঞ্চিৎকর বলিয়া মনে করেন; ভোজন-পানাদিতে বা স্ত্রী-পুল্ল-বিন্ত-গৃহাদিতে আসক্তির কথা ত দূরে—ভোজন-পানাদিতে আসক্ত ব্যক্তিসমূহের প্রতি,—তাহাদের জীবিকা বা কথাদিতে যাহারা প্রীতি লাভ করে, তাহাদের প্রতিও—মহদ্ব্যক্তিদের প্রীতি নাই। স্ত্রী-পুল্লাদির সহিত গৃহাদিতে অবস্থান করিলেও স্ত্রী-পুলাদি, বা গৃহ-বিন্তাদিতে উাহারা প্রীতিমুক্ত নহেন। যে পরিমাণ ধনাদি দ্বারা ভগবৎ-সেবাল্পিকা ভক্তির অন্তর্গান নির্বাহিত হইতে পারে, তদতিরিক্ত বিন্তাদি উাহারা কথনও গ্রহণ করেন না। তাহারা নির্লোভ, দেহ-দৈহিক বস্ততে তাহাদের কোনওরূপ আসক্তি নাই।

এইরপ মহদ্-ব্যক্তিদের সম্বন্ধেই প্রীভগবান্ বলিয়াছেন—ইহারাই আমার হৃদয়, আমিও ইহাদের হৃদয়, তাঁহারাও আমা ব্যতীত অন্ত কিছু জানেন না, আমিও তাঁহাদের ব্যতীত অন্ত কিছু জানিনা (প্রীভা, ৯।৪।৬৮)। এ সমস্ত মহান্নারা গৃহে থাকিলেও নিদ্ধিন্দন, নিদ্ধিন্দনের পোষাক ধারণ করিলেই কেহ বাস্তবিক নিদ্ধিন্দন হয় না; যিনি একমাত্র ভক্তি-বাসনাকে হৃদয়ে স্থান দিয়া দেহ-দৈহিক-বস্ততে সম্যক্রপে আসক্তি ত্যাগ করিয়াছেন, তিনিই নিদ্ধিন।

সাধু মায়াভীত। মহৎ-কৃপা ও ভক্তি। মহদ্ ব্যক্তিগণ মায়ার অতীত; মায়া তাঁহাদের সন্থীন হইতে পারে না; কারণ, তাঁহাদের চিন্ত চিচ্ছক্তির বিলাসরূপ শুদ্ধসন্ত্রের সহিত তাদান্ন্য প্রাপ্ত হইয়াছে। স্থ্য উদিত হইলে অন্ধকার যেনন আপনা-আপনিই দূরে পলায়ন করে, তত্রপ শুদ্ধসন্ত্র মহদ্ ব্যক্তিগণ যাঁহার প্রতি কৃপা করেন, তাঁহার চিন্ত হইতেও বিষয়-বাসনা অন্তর্হিত হইয়া যায়, তাঁহার চিন্তেই ভক্তির উদ্রেক হয়—কুপা-শক্তির সহযোগে তাঁহাদের চিন্ত হইতে শুদ্ধসন্ত্রান্ত্রিক। ভক্তি তাঁহার চিন্তে প্রবাহিত হইয়া যায়। বাস্তবিক, ভক্তির উন্মেষের পক্ষে সাধুসঙ্গ ও মহৎকৃপা অপরিহার্য্য। প্রীচৈতন্তচরিতামূত বলেন—"কৃষ্ণভক্তি-জন্মন্ল হয় সাধুসঙ্গ।" মহৎকৃপাব্যতীত কৃষ্ণভক্তি জন্মিতে পারে না। "মহৎকৃপা বিনা কোন কর্ম্মে ভক্তি নয়। কৃষ্ণভক্তি দূরে বহু সংসার মহে ক্ষয়।"

পঞ্চন-বর্ষীয় বালক ধ্রণ ঐকাস্তিকভাবে "পদ্মপলাশ-লোচনকে" ডাকিতেছিলেন। তাঁহার ঐকাস্তিকভা পদ্মপলাশ-লোচনের মনেও স্পন্দন জাগাইয়াছিল। ধ্রুবকে দর্শন দিয়া কৃতার্থ করার জন্ম তাঁহার ইচ্ছা হইল। কিন্তু ধ্রুব তথনও দর্শন লাভের যোগ্যতা লাভ করেন নাই; যেহেতু, তাঁহার চিত্তে ছিল বিষয়-বাসনা। পদ্মপলাশ-লোচন নারায়ণ নিষ্কিঞ্চন ভক্ত নারদকে ধ্রুবের নিকট পাঠাইলেন। নারদের রূপায় ধ্রুবের বিষয়-বাসনা দূর হইল; তথন তিনি শ্রীনারায়ণের দর্শন পাইলেন। নিষ্কিঞ্চন ভক্ত নারদের কৃপায় ধ্রুবের বিষয়-বাসনার মূল পর্যন্তে উৎপাটিত হইয়া গিয়াছিল। তাই শ্রীনারায়ণ যথন তাঁহাকে বর প্রোর্থনা করিতে বলিলেন, তথন ধ্রুব বলিলেন—"প্রভু, কাচের অবেষণ করিতে করিতে আমি কাঞ্চন পাইয়াছি। বর আর চাইনা; তোমার চরণগেলাই চাই।"

কর্মকারেরা কয়লার আগুনে কাজ করে। একটা পাত্রে কতকগুলি কাঠ-কয়লা রাখিয়া তাহার মধ্যে একটা জ্বলস্ক কয়লা দিয়া কু দিতে থাকে; ফু দিতে দিতে জ্বলস্ক কয়লার স্পর্শে কালো কয়লাগুলিও জ্বলিয়া উঠে। কিন্তু একটা জ্বলস্ক কয়লা না দিয়া কেবল কালো কয়লার উপরে সমস্ক দিন ভরিয়া ফু দিলেও কয়লা জ্বলিবে না। সাধকের জীবনে মহতের রূপা হইতেছে জ্বলস্ক কয়লার তুল্য, আর সাধনাস্কের অয়্পান হইতেছে—ফু দেওয়া। বাসনা-মিলন চিত্তই কালো কয়লা। মহৎ-রূপারূপ জ্বলস্ক কয়লার স্পর্শ ব্যতীত কেবল সাধনাস্কের অয়্পানে বাসনাম্বিন চিত্তরূপ কালো কয়লা জ্বলিবেনা—চিত্তের মিলনতা দূর হইবে না। শাস্ত্রে গুরুর লক্ষণরূপে যাহা উক্ত হইয়াছে, মহতের লক্ষণও তাহাই। শাস্ত্রোক্ত-লক্ষণযুক্ত গুরুরুপাও মহৎ-রূপাই।

ভক্ত-পদরজঃ, ভক্ত-পাদোদক এবং ভক্ত-ভুক্ত-অবশেষ—ভক্তিশাস্ত্রে এই তিনটী বস্তুর বিশেষ মাহাত্ম্য বর্ণিত হইয়াছে। "ভক্তপদধূলি আর ভক্তপদজল। ভক্তভুক্ত-অবশেষ—তিনমহাবল। এই তিন সেবা হৈতে রুষ্ণে প্রেমা হয়। পুনঃ পুনঃ সর্বাশাস্ত্রে ফুকারিয়া কয়। অস্ত্যু, ১৬শ।

সাধক ভক্ত ও সিদ্ধ ভক্ত । এখন দেখিতে হইবে, রুঞ্-ভক্ত কাহাকে বলে। যাঁহাদের অন্তঃকরণ শ্রীরুঞ্চভাবে ভাবিত, তাঁহাদিগকে রুঞ্চভক্ত বলে। "ভদ্ভাবভাবিতস্বাস্তাঃ রুঞ্চ-ভক্তা ইতীরিতাঃ॥" ভ, র, সি, ২০০০ ৪২ ॥ রুঞ্চভক্ত হুই রকম—সাধক ও সিদ্ধ। শ্রীরুঞ্চবিষয়ে যাঁহারা জাতরতি, কিন্তু সম্যক্রপে যাঁহাদের বিদ্ধ-নিবৃত্তি হয় নাই, এবং যাঁহারা রুঞ্চ-সাক্ষাৎকার-বিষয়ে যোগ্যা, তাঁহারাই সাধক-ভক্ত বলিয়া পরিকীর্তিত। বিশ্বমঙ্গল-ভূল্য সাধক-সকলই সাধক-ভক্ত বলিয়া কীর্তিত হয়েন। "উৎপন্ন-রতয়ঃ সম্যক্ নৈবিদ্যমন্থপাগতাঃ। রুঞ্চসাক্ষাৎকৃতে যোগ্যাঃ সাধকাঃ পরিকীর্তিতাঃ॥ ভ, র, সি, ২০০০ ৪৪ ॥ বিশ্বমঙ্গল-ভূল্যা যে সাধকান্তে প্রকীর্তিতাঃ॥ ভ, র, সি, ২০০০ ৪৪ ॥ বিশ্বমঙ্গল-ভূল্যা যে সাধকান্তে প্রকীর্তিতাঃ॥ ভ, র, সি, ২০০০ ৪৪ ॥ বিশ্বমঙ্গল-ভূল্যা যে সাধকান্তে প্রকীর্তিতাঃ॥ ভ, র, সি, ২০০০ ৪৪ ॥ বিশ্বমঙ্গল-ভূল্যা যে সাধকান্তে প্রকীর্তিতাঃ॥ ভ, র, সি, ২০০০ ৪৫ ॥ বিশ্বমঙ্গল-ভূল্যা যে সাধকান্তে প্রকীর্তিতাঃ ॥ ভ, র, সি, ২০০০ ৪৫ ॥ বিশ্বমঙ্গল-ভূল্যা যে সাধকান্তে প্রকীর্তিতাঃ ॥ ভ, র, সি, ২০০০ ৪৫ ৯৪ নাই কিছভক্ত। "অবিজ্ঞাতাখিল-ক্রেশাঃ সদা রুঞ্চাপ্রিতক্রিয়াঃ। সিদ্ধাঃ স্তঃ সন্তত-প্রেমসৌধ্যাস্বাদপরায়ণাঃ॥ ভ, র, সি, ২০০০ ৪৮ ।" ভগবান্ ভক্তের বনীভূত; তাই ভগবৎ-রূপাও ভক্তরূপা-সাপেশ। এজন্তাই ভক্তিবিষয়ে ভক্তরূপার অপরিহার্য্যতা।